ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৯৫

বিশালগড়, ২৪ অক্টোবর, ২০২৫

**বিশালগড়ে ড্রোন প্রযুক্তির মাধ্যমে কৃষি জমিতে কীটনাশক প্রয়োগ সংক্রান্ত প্রদর্শনীমূলক অনুষ্ঠান**

গতকাল সিপাহীজলা জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্র ও বিশালগড় মহকুমা কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয়ের উদ্যোগে কৃষিকে আধুনিকীকরণের নিরিখে এবং উৎপাদন ও কৃষকের আয় বৃদ্ধির উদ্দেশ্যে বিশালগড় ব্লকের বিভিন্ন পঞ্চায়েতের অন্তর্গত কৃষিজমিতে ড্রোন প্রযুক্তির মাধ্যমে কীটনাশক প্রয়োগ সংক্রান্ত প্রদর্শনীমূলক এক অনুষ্ঠান আয়োজিত হয়। উক্ত প্রদর্শনীতে উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব। তিনি জানান, ড্রোন এর মাধ্যমে কীটনাশক স্প্রে করা হলে কম সময়ে কম খরচে কৃষকদের একদিকে যেমন লাভ হবে তেমনি পোকামাকড়ের নিয়ন্ত্রণও দ্রুত সম্ভব হবে এবং ফসলের উৎপাদন বৃদ্ধি পাবে। বিশালগড় ব্লকের বাইদ্যাদীঘি, চন্দননগর, বাইপাস ও গোলাঘাটি পঞ্চায়েতের কৃষকদের ধানক্ষেতে ড্রোন প্রযুক্তির মাধ্যমে কীটনাশক স্প্রে হাতে কলমে দেখানো হয়। প্রদর্শনীতে মহকুমার মোট ৫০ জন কৃষক উপস্থিত ছিলেন। এছাড়াও প্রদর্শনীতে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতশী দাস, কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ড. শতভিষা সরকার, সিপাহীজলা জেলার কৃষি বিভাগের উপ পরিচালক ড. বিভাস কান্তি দে, বিশালগড় মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক হিমানিশ লস্কর, সেক্টর অফিসার প্রবীর দত্ত প্রমুখ।

*****